দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 15 AUG 1998 ...
পৃষ্ঠা 2 কলাম ... 7 ...

# চট্টগ্রামে প্রাথমিক শিক্ষকদের সমাবেশ ॥ ২১ দফা সুপারিশ বাস্তবায়ন দাবি

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** শুক্রবার সকালে চট্টগ্রামে বিভাগীয় প্রাথমিক শিক্ষকদের বিশাল এক সমাবেশে ২১ দফা সুপারিশ অবিলম্বে বাস্তবায়নের দাবি জানানো হয়েছে।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি ঘোষিত কর্মসূচীর অংশ হিসাবে ওয়াজিউল্লাহ ইনস্টিটিউটে অনুষ্ঠিত এ সমাবেশে সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদ প্রধান বক্তা ছিলেন। সভাপতিত্ব করেন সংগঠনের জেলা সভাপতি নুরুল আবছার।

সমাবেশে বলা হয়, নানা অজুহাতে শিক্ষকদের বেতন ও পেনশন কর্তন করা হচ্ছে। মাসিক মাত্র ৫শ' টাকায় উচ্চ শিক্ষিত তরুণদের শিক্ষকতার দায়িত্ব পালন করতে দেয়া হচ্ছে। অধ্যাপক আযাদ বলেন, একটি স্বাধীন দেশে ব্রিটিশ সরকার প্রচলিত ও পাকিস্তান সরকার লালিত প্রাথমিক শিক্ষা ব্যবস্থা কিছুতেই নিরক্ষরতা দূর করতে পারবে না। শিক্ষকদের স্বার্থে নয়, দেশের স্বার্থে ২১ দফা পেশ করা হয়েছে। সমাবেশ শেষে শিক্ষকদের বিরাট মিছিল নগরীর প্রধান সড়কসমূহ প্রদক্ষিণ করে এবং বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণের জন্য স্মারকলিপি পেশ করা হয়।